

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫২০

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে শিশু ও মহিলাদের কল্যাণে ৬টি  
পরিষেবা প্রদান করা হয় : সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী

রাজ্যে বর্তমানে ৩,০০,১৯৩ জন শিশু, ২০,০৬৯ জন গর্ভবতী মহিলা ও ১৩,৫১৬ জন প্রসূতি মায়ের নাম অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নথিভুক্ত রয়েছে। আজ বিধানসভায় বিধায়ক স্বপ্না দেববর্মার এক প্রশ্নের লিখিত উত্তরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, রাজ্যের অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে শিশু ও মহিলাদের কল্যাণে ৬টি পরিষেবা দেওয়া হয়। এগুলি হচ্ছে প্রথা বহির্ভূত প্রাক বিদ্যালয় শিক্ষা, টিকাকরণ, পুষ্টি ও স্বাস্থ্য, শিক্ষা, স্বাস্থ্য পরীক্ষা, পরিপূরক পুষ্টি ও স্বাস্থ্য কেন্দ্রে প্রেরণ পরিষেবা। সমাজকল্যাণ মন্ত্রী আরও জানান, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি থেকে শিশু এবং গর্ভবতী মহিলাদের পুষ্টিকর খাদ্য প্রদান, নিয়মিত ওজন পরীক্ষা ছাড়াও আয়রন ও ফলিক অ্যাসিড ট্যাবলেট, প্যারাসিটামল ট্যাবলেট ইত্যাদি প্রদান করা হয়। এছাড়াও গর্ভবতী হওয়ার সঙ্গে সঙ্গে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নাম নথিভুক্ত করা হয় এবং নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা হয় ও টি টি ইনজেকসন নেবার জন্য আশাকর্মীদের সঙ্গে নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে অথবা স্বাস্থ্য শিবিরে পাঠানো হয়।

বিধানসভায় সমাজকল্যাণ মন্ত্রী জানান, মহিলা মন্ডল সভায় গর্ভবতী মহিলাদের এবং শিশুর টিকাকরণের গুরুত্ব, গর্ভবতী মহিলা ও শিশুর যত্ন, স্বাস্থ্য ও পুষ্টি সম্বন্ধে বিশদ আলোচনা করা হয়। গর্ভবতী মহিলা ও শিশুদের সম্পূরক পুষ্টি প্রদান করা হয়। শিশুর জন্মের সঙ্গে সঙ্গে ওজন ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নাম নথিভুক্ত করা হয়। নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা ও সময়মত টিকাকরণের জন্য নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে অথবা স্বাস্থ্য শিবিরে পাঠানো হয়। শিশুদের কৃমি নাশক ঔষধ, পোলিও, রাতকানা ও অন্ধত্ব দূরকরণের জন্য নিয়মিত ভিটামিন-এ সলিওশান, শিশুদের মস্তিষ্ক বিকাশ ও রক্তশূন্যতা দূরীকরণের জন্য আয়রন ও ফলিক অ্যাসিড টেবলেট দেওয়া হয়। প্রতিমাসে শিশুর ওজন নেওয়া হয় ও পোষণ ট্রেকারে লিপিবদ্ধ করা হয় অপুষ্টি নির্ধারণের জন্য। তাছাড়াও প্রধানমন্ত্রী মাত্ৰ বন্দনা যোজনা প্রকল্পে গর্ভবতী মহিলাদের (প্রথম জীবিত সন্তানের জন্য) ২ কিস্তিতে মোট ৫০০০ টাকা প্রদান করা হয়। মুখ্যমন্ত্রী মাত্ৰ পুষ্টি উপহার প্রকল্পে গর্ভবতী মহিলাদের গর্ভাবস্থায় ৪ বার স্বাস্থ্য পরীক্ষার পর ৪ কিস্তিতে মোট ২০০০ টাকা প্রদান করা হয়।

\*\*\*\*\*